

জ্ঞানমূলক

১. “আমের কুশি” বলতে কী বোঝায়?
২. নীলমণি রায়ের সঙ্গে হরিহর রায়ের সম্পর্ক কী?
৩. হরিহরের বংশগত উপাধি কোনটি?
৪. কোন উপন্যাসের জন্য বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রবীন্দ্র পুরস্কারে ভূষিত হন?
৫. কোন স্কুল থেকে বিভূতিভূষণ এন্ট্রান্স পাস করেন?
৬. সর্বজয়ার মনে সংসার ত্যাগের ইচ্ছা জাগে কেন?
৭. দুর্গার রোয়াকে দাঁড়ানো অসম্ভব ছিল কেন?
৮. হরিহর মজুমদার মশায়ের সঙ্গে পরামর্শ করতে চেয়েছিল কী নিয়ে?
৯. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় কত তারিখে মৃত্যুবরণ করেন?
১০. ‘আম আঁটির ভেঁপু’ গল্লের মাতবর গোছের লোকটার জাত কী?
১১. রায়বাড়ি থেকে হরিহর কত টাকা বেতন পায়?
১২. দুর্গা অপুকে মুখ মুছতে বলেছিল কেন?
১৩. দুর্গা আঁচলের খুঁট খুলে কী বের করেছিল?
১৪. ‘চুপড়ি’ শব্দের অর্থ কী?
১৫. হরিহর যে মাতবর গোছের লোকের কথা বলেছে তার গোলার সংখ্যা কত?

সৃজনশীল

গ্রামে বাতেন মিয়ার অভাবের সংসার। পরের জমিতে কাজ করে যা পায়, তা দিয়ে সংসার চলে না। দুরেলা পেট ভরে খেতে পায় না। স্ত্রী-ছেলেমেয়ের কাপড়-চোপড়ের দিকে তাকালে মাথা নিচু হয়ে আসে। বসত ঘরের অবস্থা আরো করুণ। ধার দেনা করে কোনরকম দিনাতিপাত করে কিন্তু ধার শোধ করার অবস্থাও নেই তাদের। তাই একদিন স্ত্রী রূবিনাকে ডেকে সব কিছু ফেলে শহরে যাওয়ার প্রস্তাব করে। কিন্তু রূবিনা ভিটেমাটি ছেড়ে কিছুতেই শহরে যেতে রাজি হয় না।

- ক) ভেরেঙ্গা কচার বেড়া কী?
- খ) ‘আজকাল চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা’- বলতে কী বোঝানো হয়েছে?
- গ) উদ্দীপকে ‘আম-আঁটির ভেঁপু’ গল্লের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো।
- ঘ) উদ্দীপকটি ‘আম-আঁটির ভেঁপু’ গল্লের সম্পূর্ণ ভাব ধারণ করেছে কি? তোমার উত্তরের সপর্ক্ষে যুক্তি দাও।